



প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ

অসচ্ছল শিশু যাদের স্কুল ব্যাগ নেই তাদের সাথে কিছুটা আনন্দ ভাগ করে নেওয়ার জন্য স্বাপ্নিক পরিবারের এবারের আয়োজন ছিল অসচ্ছল শিশুদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ। প্রকল্পটি ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে। এই কার্যক্রমের জন্য প্রথম ধাপে ৩ টি প্রাইমারি স্কুল সনাক্ত করা হয় যার মধ্যে ছিলোঃ

- খড়িবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
- কাঞ্চননগর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং
- তেলিখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়।

এই প্রকল্পের কাজ শুরু হয় 11-4-2020। এই দিনে সদস্যরা স্কুলটিতে জরিপের কাজ সম্পন্ন করে। 13 এপ্রিল 2022 ব্যাগ ক্রয় এবং প্রিন্টের কাজ সম্পন্ন হয় এবং 16 এপ্রিল 2020 সকাল 10:30 এ ব্যাগ বিতরণ এর উদ্দেশ্যে রওনা হয় স্বাপ্নিক পরিবারের সদস্যরা। দুপুর নাগাত বিতরণ কার্যক্রম সফলভাবে শেষ হয়। মোট ব্যাগের পরিমাণ ছিলঃ

- ✓ খড়িবুনিয়া সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় - ১০ টি
- ✓ তেলীখালি সরকারি প্রাথমিক বিদ্যালয় - ১০ টি।
- ✓ কাঞ্চননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়- ১০ টি।

স্কুল ব্যাগ প্রকল্প বাস্তবায়নে ছিলো স্বাপ্নিক -এর স্কুল ও কলেজ শাখার সদস্যরা। এই প্রকল্পে কো-অর্ডিনেটর ছিল বন্যা বিশ্বাস এবং জয়শ্রী বিশ্বাস। তত্ত্বাবধানে ছিলো স্টিয়ারিং কমিটির সদস্য অম্লান বিশ্বাস এবং সার্বিক সহযোগিতায় এক্সিকিউটিভ মেম্বার এবং অন্যান্য সদস্যরা। আর্থিক হিসাবঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	টাকার পরিমাণ
১।	স্কুল ব্যাগ ক্রয়	৩০ টি	৮১০০/-
২।	স্বাপ্নিক- স্টিকার তৈরি	১৪৪ কপি	৫০০/-
৩।	যাতায়াত ও অন্যান্য	***	৪০০/-
		মোট ব্যয়	৯০০০/-

এই প্রকল্পের সফলতার প্রধান নিদর্শন স্কুলের শিশুদের মুখের প্রাণখোলা হাসি। শিক্ষক ও এলাকাবাসীর আশীর্বাদ ও পরামর্শগুলো সংগঠনকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগবে নিঃসন্দেহে। স্বাপ্নিক ভবিষ্যতেও এই ধরনের কার্যক্রম অব্যাহত রাখতে সচেষ্ট থাকবে।

প্রতিবেদক
পিংকি মন্ডল
১৮/০৪/২০২২